

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুন বাগিচা, ঢাকা।

(শুদ্ধ)

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৯ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং ২১৩/২০০৮/শুদ্ধ।- The Customs Act, 1969 (Act IV of 1969) এর section 13-এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Diplomatic Bonded Warehouse সমূহ কর্তৃক বন্ড সুবিধার আওতায় মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেট আমদানির ক্ষেত্রে অনুসরণীয় নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথা :

(ক) মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেটের Master Carton এর গায়ে দৃশ্যমানভাবে বড় অক্ষরে (capital letter) “BANGLADESH DUTY NOT PAID” নামে মুদ্রিত স্টিকার আবশ্যিকভাবে লাগাইতে হইবে;

(খ) সকল প্রকার মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেট আমদানির পর তাহা Warehouse এ যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে। অতঃপর এই সকল পণ্য ক্রেতার নিকট বিক্রয়কালে বিক্রিত প্রতি একক বা মিনি কার্টনের উপর দৃশ্যমানভাবে বড় অক্ষরে (capital letter) “BANGLADESH DUTY NOT PAID” মুদ্রিত অপসারণযোগ্য নয় এমন স্টিকার বন্ডার অত্যন্ত মজবুতভাবে সাঁটিয়া (affixed) দিবেন। স্টিকার মুদ্রণ ও তাহা সাঁটিয়া দেয়ার যাবতীয় ব্যয় বন্ডার নিজে বহন করিবেন; এবং

(গ) ইহার অন্যথা হইলে পণ্য চালান বন্ড সুবিধার আওতায় আমদানি ও বিক্রয়যোগ্য হইবে না।

০২। রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং ১৮৫/২০০৭/শুক্র, তারিখ ১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ০১ জুলাই, ২০০৭ খ্রিস্টাব্দ এবং প্রজ্ঞাপন নং ১৯৩/২০০৭ শুক্র, তারিখ ২৮ কার্তিক, ১৪১৪ বঙ্গাব্দ/১২ নভেম্বর ২০০৭খ্রিঃ এতদ্বারা বাতিল করা হইল।

০৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৮ খ্রীষ্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(ড. মোঃ সহিদুল ইসলাম)

প্রথম সচিব (শুক্রঃ রপ্তানী ও বন্ড)।